

PRINT

সমকাল

নর্থ সাউথ ইউনিভার্সিটির উপ-উপাচার্য এম ইসমাইল

১৪ ঘণ্টা আগে

নর্থ সাউথ ইউনিভার্সিটির উপ-উপাচার্য পদে অধ্যাপক ড. এম ইসমাইল হোসেনকে নিয়োগ দেওয়া হয়েছে। গত ২৪ জুলাই রাষ্ট্রপতি এ নিয়োগের অনুমোদন দেন।

অধ্যাপক ইসমাইল ২০১২ সালে নর্থ সাউথ ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগে অধ্যাপক হিসেবে নিযুক্ত হন। এর আগে তিনি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অর্থনীতি বিভাগের অধ্যাপক হিসেবে ১৯৯৪-২০১২ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন। এ ছাড়া তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয় ও শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করেছেন। তিনি একজন কানাডিয়ান কমনওয়েলথ স্কলার এবং ১৯৮৫ সালে কানাডার টরন্টো বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি লাভ করেন। তার বিশ্বব্যাংক, এডিবি এবং ইউএনডিপি মতো আন্তর্জাতিক সংস্থাগুলোর এবং বাংলাদেশ সরকারকে পরামর্শ দেওয়ার অভিজ্ঞতা রয়েছে। সংবাদ বিজ্ঞপ্তি।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :

+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:

ad.samakalonline@outlook.com

